

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
বরিশাল বিভাগীয় কার্যালয়
রাজা বাহাদুর সড়ক, বরিশাল।
www.dncrp.gov.bd

বিষয় : নৈতিকতা কমিটির সভা (২য় ত্রৈমাসিক)

সভাপতি : জনাব খোন্দকার আনোয়ার হোসেন
উপপরিচালক (উপসচিব)

তারিখ : ০৮-১২-২০১৯খ্রি.

সময় : সকাল ১১.০০টা


স্থান : উপপরিচালকের অফিস কক্ষ, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, বরিশাল।

সভার উপস্থিতি : পরিশিষ্ট-ক এ সংযোজিত।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। ২০১৯-২০২০ অর্থবছরের জাতীয় শূদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য নৈতিকতা কমিটি কর্তৃক ২য় ত্রৈমাসিক সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয় :

ক্র. নং.	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	সকল কর্মকর্তা কর্মচারীকে সঠিক সময়ে অফিসে উপস্থিত হতে হবে এবং নির্ধারিত সময়ের পূর্বে অফিস ত্যাগ করা যাবে না।	সহকারী পরিচালক (সকল)
০২	জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরকে ভোক্তা বান্ধব ও ব্যবসায়ী বান্ধব অধিদপ্তর হিসেবে গড়ে তোলার জন্য নিরলসভাবে কাজ করতে হবে।	সহকারী পরিচালক (সকল)
০৩	সরকারী কাজ যথাযথভাবে এবং সততার সাথে সম্পন্ন করতে হবে।	সহকারী পরিচালক (সকল)
০৪	প্রমাপ অনুযায়ী বাজার তদারকি সম্পন্ন করতে হবে এবং খেয়াল রাখতে হবে যেন ব্যবসায়ীরা আমাদের দ্বারা হয়রানির স্বীকার না হয়।	সহকারী পরিচালক (সকল)
০৫	সিটিজেন চার্টার অনুযায়ী জনগণকে সেবা প্রদান করতে হবে। স্ব স্ব কার্যালয়ের তথ্য বাতায়ন সবসময় আপডেট রাখতে হবে।	সহকারী পরিচালক (সকল)
০৬	বাজার অভিযানের সময় ব্যবসায়ীদের ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ লঙ্ঘনের অপরাধে গৃহীত প্রশাসনিক ব্যবস্থায় আদেশ সম্পর্কে সুস্পষ্ট ধারণা দিতে হবে।	সহকারী পরিচালক (সকল)
০৭	লিখিত অভিযোগ নিষ্পত্তির ক্ষেত্রে কোন ধরনের পক্ষপাতিত্ব করা যাবে না এবং যথাসম্ভব কম সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে।	সহকারী পরিচালক (সকল)
০৮	প্রমাপ অনুযায়ী সচেতনতামূলক সভার আয়োজন করতে হবে এবং বাজার অভিযান পরিচালনাকালে উপস্থিত ভোক্তাদের মাঝে লিফলেট, পাম্পলেট ও স্টিকার বিতরণ করতে হবে। ভোক্তাদের লিখিত অভিযোগ করতে উদ্বুদ্ধ করতে হবে।	সহকারী পরিচালক (সকল)
০৯	সকল কর্মকর্তা ও কর্মচারীগণকে অফিসে আগত ভোক্তার সাথে ভাল ব্যবহার করতে হবে। কোন ভোক্তার অভিযোগ থাকলে সেটা ভালভাবে শুনতে হবে এবং অভিযোগ গ্রহণ করার মত হলে গ্রহণ করতে হবে।	সহকারী পরিচালক (সকল)
১০	কার্যালয় সবসময় পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। নথি যথাযথভাবে শ্রেণিবিন্যাস করতে হবে।	সহকারী পরিচালক (সকল)

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শেষ করেন।



(খোন্দকার আনোয়ার হোসেন)
উপপরিচালক (উপসচিব)
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
বরিশাল বিভাগীয় কার্যালয়
ফোন: ০৪৩১-৬২০৪২
dd-barisal@dncrp.gov.bd

স্মারক নম্বর-২৬.০৪.০০০০.৮০১.৬৬.০০২.১৯-২১৩

তারিখ : ০৯-১২-২০১৯খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক (অতি. সচিব), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ২। সহকারী পরিচালক (সকল), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বরিশাল বিভাগ।
- ৩। অফিস কপি।


০২/১২/১৯

উপপরিচালক

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর

বরিশাল বিভাগীয় কার্যালয়

ফোন: ০৪৩১-৬২০৪২

dd-barisal@dnrcrp.gov.bd